গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র |
|---|

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৯৪

তারিখঃ ১৮.০৯.২০১৯ইং

## অফিস আদেশ

বিষয়ঃ **জেলার সহকারী প্রকৌশলী (ইজিপি) কে উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটিতে অন্তর্ভুক্তকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র সাংগঠনিক কাঠামোতে (অর্গানোগ্রাম) প্রতিটি জেলায় নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সহকারী প্রকৌশলী (ইজিপি) নামে একটি নতুন পদ সৃষ্টি হয়েছে। এলজিইডি'র আওতাধীন বিভিন্ন জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরসহ সকল ক্রয়কারী দপ্তরসমূহে ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণের জন্য দরপত্র উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র মূল্যায়নের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করে অফিস আদেশ জারী করা হয়েছে। উক্ত আদেশে নির্বাহী প্রকৌশলীর দপ্তরের জন্য গঠিত কার্য ও পণ্য কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠিত করা হলো:

- অত্র দপ্তরের স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০০৬.০০২.০৮-২৫০ ও ২৫১, তারিখ: ১৪/০৮/২০১৯ইং তারিখ মোতাবেক জারীকৃত অফিস আদেশের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, যে সকল জেলায় সহকারী প্রকৌশলী (ইজিপি) পদায়িত থাকবেন সে সকল জেলার অন্তর্গত দরপত্রের ক্ষেত্রে ৫০% উপজেলায় সহকারী প্রকৌশলী (পুর) এবং অবশিষ্ট ৫০% উপজেলায় সহকারী প্রকৌশলী (ইজিপি) যথাক্রমে উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য/সদস্য সচিব (যেভাবে মূল আদেশে উল্লেখ রয়েছে) হিসেবে কাজ করবেন।
- তবে, বিজোড় সংখ্যক উপজেলার ক্ষেত্রে অতিরিক্ত ১টি উপজেলার দায়িত্ব সহকারী প্রকৌশলী (পুর) পালন করবেন।
- শর্ত থাকে যে, যে সকল জেলায় সহকারী প্রকৌশলী (ইজিপি) পদায়িত হয়নি/নেই, সে সকল জেলায় সকল ক্ষেত্রে পূর্ববৎ সহকারী প্রকৌশলী (পুর) দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য/সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, দরপত্র আহ্বানের পূর্বে উপরোক্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী জেলার অন্তর্গত উপজেলাসমূহকে বিভাজন করে অফিস আদেশ জারী করবেন। ই-জিপি দরপত্রের ক্ষেত্রে এ জন্য প্রথমে সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী (ইজিপি) কে সংশ্লিষ্ট দপ্তরের PE-Admin এর মাধ্যমে Govt. User হিসেবে সংযুক্ত করতে হবে। নবসৃষ্ট সহকারী প্রকৌশলী (ইজিপি) পদের ই-জিপি User ID ও Password পাওয়ার জন্য এলজিইডি সদর দপ্তরের প্রকিউরমেন্ট ইউনিটের focal@lgi.gov.bd বরাবর ইমেইল করতে হবে।

১৮/৯/১৯

(মো: খলিলুর রহমান)
প্রধান প্রকৌশলী
ফোন: ৯১২৪০২৭
ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-২৯৪/১(৭)

তারিখঃ

অনুলিপি:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, .....................বিভাগ, জেলা:...........................।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ......................অঞ্চল, জেলা:..............................।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:..................................।
৫। সিনিয়র সহকারী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:..................................।
৬। সহকারী প্রকৌশলী (পুর) (সকল), এলজিইডি, জেলা:..................................।
৭। সহকারী প্রকৌশলী (ইজিপি) (সকল), এলজিইডি, জেলা:..................................।

১৮/৯/২০১৯

(মো: রফিকুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোন : ০২-৯১২৬৩৭৫
ইমেইলঃ se.procurement@lged.gov.bd

D\DIMAPP Project\Office Order (Committee)\Office Order (Latest)